

## রামগড় সরকারী ডিগ্রী কলেজ নানা সমস্যায় জর্জরিত

রামগড় সংবাদদাতা ॥ পার্বত্য অঞ্চলের অনগ্রসর জনগোষ্ঠীর উচ্চ শিক্ষার একমাত্র প্রতিষ্ঠান রামগড় সরকারী ডিগ্রী কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ বিভিন্ন বিভাগে শিক্ষকপদ খালি থাকা, বিজ্ঞান, বিজ্ঞানে স্নাতক শ্রেণী চালু নানা হওয়া ইত্যাদি বহুবিধ সমস্যায় জর্জরিত।

সাবেক মহকুমা রামগড়ের নেতৃবৃন্দ ও শিক্ষানুরাগীদের উদ্যোগে ১৯৮০ সনে উচ্চ মাধ্যমিক পর্যায়ে রামগড় কলেজ প্রতিষ্ঠা লাভ করে। পরে ডিগ্রি পর্যায়ে উন্নীত হয়। ১৯৯২ এ কলেজটির সরকারীকরণ করা হয়।

তবে ইহার পরও কলেজের সমস্যা রহিয়া যায়। সরকারীকরণের পর এযাবত ৬ জন অধ্যক্ষ এই কলেজ হইতে বদলী হইয়াছেন। বর্তমানে একজন সিনিয়র প্রভাষক ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসাবে কাজ করিতেছেন। উপাধ্যক্ষের পদেও তেমন কেহ স্থায়ী হইতেছেন না। এ পদটাও বর্তমানে শূন্য। এভাবে শিক্ষকের বহুপদ শূন্য থাকায় মাত্র যাত্রীদের পাঠদান গুরুতর বিঘ্নিত হইতেছে।

কলেজে প্রয়োজনীয় অবকাঠামো থাকা সত্ত্বেও বিএসসি ক্লাব চালু করা হয় নাই। ফলে এইচএসসি বিজ্ঞানে পাশ করা গরীব ছাত্রছাত্রী কলাবিভাগের স্নাতক শ্রেণীতে নিরুপায় হইয়াই পড়িতেছে। ইংরেজি ও দর্শন বিভাগে অদ্যাবধি মাত্র একজন করিয়া শিক্ষক রহিয়াছেন। এভাবে আরও নানা গুরুত্বপূর্ণ পদসহ কর্মচারীদের পদ খালি থাকায় কলেজের কাজকর্ম পরিচালনায় অচলাবস্থার সৃষ্টি হইয়াছে।

তদুপরি আশে শিক্ষকদের আবাসিক ব্যবস্থার অনুপস্থিতি ছাত্রাবাসও নাই। কলেজের বেষ্টিত নাই বিধায় সেখানে বহিরাগতদের অবাধ গতিবিধি সমস্যার সৃষ্টি করে।

কলেজে স্নাতক শ্রেণীর পৃথক ভবন নাই। ছাত্র শিক্ষকদের পৃথক মিলনায়তনও নাই। কলেজের পুঙ্কর সংস্কার জরুরি।